

কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য: পশ্চিমবঙ্গ

তারিখ: ১৩-০৩-২০২৩

গত ৪ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (০৯-০৩-২০২৩ থেকে ১২-০৩-২০২৩ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত)।

উক্ত সময়ের মধ্যে

০৯ মার্চ: পশ্চিমবঙ্গের পশ্চিম বর্ধমান ও মালদা জেলার দুয়েক জায়গায় অতি হালকা বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) : নেই

১০ মার্চ: পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) : নেই

১১ মার্চ : গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বাঁকুড়া ও পশ্চিম বর্ধমান জেলার দুয়েক জায়গায় মাঝারি বৃষ্টিপাত হয়েছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পুরুলিয়া, পশ্চিম মেদিনীপুর ও ঝাড়গ্রাম জেলার জেলার দুয়েক জায়গায় অতি হালকা থেকে হালকা বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) : বাঁকুড়া, আসানসোল : ২ সেমি; লাচিপু, পানাগড়: ১ সেমি

১২ মার্চ: পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং জেলার দুয়েক জায়গায় শিলাবৃষ্টি (জায়গা- দার্জিলিং, সময়- ১৭৪৫ থেকে ১৭৫৫ ভারতীয় সময়, ব্যাস- ১ সেমি) হয়েছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ জেলার দুয়েক জায়গায় অতি হালকা থেকে হালকা বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের দার্জিলিং, মালদা ও বীরভূম জেলার দুয়েক জায়গায় অতি হালকা বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) : নেই

আপেক্ষিক আর্দ্রতা (শতাংশে) : উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৩৯ থেকে ৬৯ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৪৫ থেকে ৮৪ শতাংশ।

সর্বোচ্চ তাপমাত্রা: উক্ত সময়ের মধ্যে রাজ্যের সমতলাংশে ১২-০৩-২০২৩ তারিখে পুরুলিয়া তে সর্বোচ্চ তাপমাত্রা ৩৫.৩ ডিগ্রী সেলসিয়াস ছিল।

দিনের তাপমাত্রা

তারিখ	স্বাভাবিক	স্বাভাবিকের থেকে			
		২-৪ ডিগ্রি সেলসিয়াস কম	৫-৬ ডিগ্রি সেলসিয়াস কম	২-৪ ডিগ্রি সেলসিয়াস বেশী	৫-৬ ডিগ্রি সেলসিয়াস বেশী
	জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম

০৯-০৩-২০২৩	বালুরঘাট, বহরমপুর, কৃষ্ণনগর, আলিপুর, দমদম, কাঁথি, দীঘা	মেদিনীপুর	--	কালিম্পং, কোচবিহার, মালদা	দার্জিলিং, জলপাইগুড়ি
১০-০৩-২০২৩	বালুরঘাট, বহরমপুর, কৃষ্ণনগর, আলিপুর, দমদম, কাঁথি	মেদিনীপুর	দীঘা	জলপাইগুড়ি, কোচবিহার, মালদা	দার্জিলিং, কালিম্পং
১১-০৩-২০২৩	বালুরঘাট, বহরমপুর, কৃষ্ণনগর, আলিপুর, দমদম, কাঁথি, দীঘা	--	মেদিনীপুর	কোচবিহার, মালদা	দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি
১২-০৩-২০২৩	মালদা, বালুরঘাট, বহরমপুর, কৃষ্ণনগর, মেদিনীপুর, আলিপুর, দমদম, কাঁথি, দীঘা	--	--	কালিম্পং, কোচবিহার	দার্জিলিং, জলপাইগুড়ি

পরবর্তী ৩ দিনের আবহাওয়ার পূর্বাভাস :

দিন ১ (১৩ ই মার্চ)-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং ও কালিম্পং জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের বাকি সব জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে। পশ্চিমবঙ্গের ভূমি অঞ্চলের জেলাগুলিতে আগামী ২ দিন দিনের তাপমাত্রায় বড় কোনো পরিবর্তন হবে না; পরবর্তী ৩ দিন তাপমাত্রা ধীরে ধীরে ২-৩ ডিগ্রী সেলসিয়াস কমবে।

দিন ২ (১৪ ই মার্চ)-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পাও, কোচবিহার ও আলিপুরদুয়ার জেলার কয়েক জায়গায় এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের বাকি জেলাগুলোর দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের বাকি সব জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে।

দিন ৩ (১৫ ই মার্চ)-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পাও, কোচবিহার ও আলিপুরদুয়ার জেলার কয়েক জায়গায়, গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম, পুরুলিয়া, পশ্চিম বর্ধমান জেলার এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের বাকি জেলাগুলোর দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের বাকি সব জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে।

সতর্কীকরণ:

দিন ১ (১৩ ই মার্চ)-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং ও কালিম্পাও জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।

দিন ২ (১৪ ই মার্চ)-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পাও, কোচবিহার ও আলিপুরদুয়ার জেলার দুয়েক জায়গায় শিলাবৃষ্টি সহিত বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।

দিন ৩ (১৫ ই মার্চ)-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের সকল জেলার দুয়েক জায়গায় শিলাবৃষ্টি সহিত বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম, পুরুলিয়া, পশ্চিম বর্ধমান জেলার দুয়েক জায়গায় ঝোড়া হাওয়া (গতিবেগ ৪০-৫০ কিমি প্রতি ঘন্টা) এবং বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।

পরবর্তী ২ দিনের অনুমান : সামান্য পরিবর্তন হবে।

সুজাতা সায়

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র, আলিপুর

১৩-০৩-২০২৩